দৈনিক
ইত্তেফাক

তারিখ 19 MAR 2016
পৃষ্ঠা ৬ কলাম ৪

# এসএসসি পরীক্ষায় ভুলের ছড়াছড়ি

মো. শহীদুর রহমান



এবারের এসএসসি পরীক্ষা চলাকালে কোনোরূপ অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি অর্থাৎ হরতালের মতো কঠোর রাজনৈতিক কর্মসূচি না থাকার কারণে পরীক্ষার্থী, শিক্ষক ও অভিভাবক মহল যারপরনাই স্বস্তিবোধ করেছেন। কিন্তু ঢাকা, যশোর, রাজশাহী ও চট্টগ্রাম বোর্ডের বিভিন্ন বিষয়ের প্রশ্নপত্রে ভুলের ছড়াছড়ি পরীক্ষার্থী ও অভিভাবকদের দারুণভাবে ভাবিয়ে তুলেছে। পত্রিকায় প্রকাশিত খবর থেকে জানা যায় যে, কেবল যশোর বোর্ডের গণিতের বহুনির্বাচনী অংশের মোট ৪০টি প্রশ্নের মধ্যে ভুল রয়েছে ১১টিতে। অর্থাৎ এক্ষেত্রে ভুলের হার ২৭ শতাংশ।

এসএসসির মতো গুরুত্বপূর্ণ একটি পাবলিক পরীক্ষার প্রশ্নপত্রে যদি এই ভুল হয়, তাহলে স্বভাবতই প্রশ্ন জাগে যে, যাঁরা প্রশ্নপত্র প্রণয়নের সঙ্গে জড়িত ছিলেন, তাঁরা কি আদৌ শিক্ষক নাকি অন্য কাউকে দিয়ে এবারের এসএসসি পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন করা হয়েছে? তবে যাঁরাই প্রশ্নপত্র প্রণয়নের সঙ্গে জড়িত থাকুন না কেন, তাদের জবাবদিহিতার আওতায় আনা হোক এবং এহেন কর্মকাণ্ডের জন্য তাদের কঠোর শাস্তির ব্যবস্থা করা হোক।

প্রশ্নপত্রের ভুলের কারণে যেন কোমলমতি পরীক্ষার্থীদের খেসারত দিতে না হয় এবং এক্ষেত্রে যেন প্রকৃত মেধাবী পরীক্ষার্থীদের প্রতি অবিচার করা না হয়। বিষয়টির প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করছি।

লালমনিরহাট